KNOWLEDGE
CHARACTER
PROGRESS

শব্দাঞ্জলি

A tribute of words

LEARN
GROW
BELONG

*"Not just a college,
but a journey of a lifetime"*



SARADA CHARAN DEY COLLEGE
तमसो मा ज्योतिर्गमय
ESTD : 1992
KALINAGAR

Sarada Charan Dey College

Kalinagar, Hailakandi, Assam

EDUCATION	EXCELLENCE	EMPOWERMENT
Enriching Minds	*Inspiring Futures*	*Building Together*

Building Better Tomorrows


২০২৬


Annual sports programme
2026
organized by
S.C Dey college Kalinagar Hailakandi
Date:from 26/02/2026 to 28/02/2026
Venue: College campus ground
special Attraction
Quiz and Debate competition


Celebration of
International Day against Drug Abuse & Illicit Trafficking, 2026
Awareness Programmes Under
" Nasha Mukt Bharat Abhiyaan " (NMBA)
Organised By
Sarada Charan Dey College, Kalinagar
In Collaboration with
NSS Unit & IQAC of S. C. Dey College, Kalinagar
Date : 26-06-2026
Time : 11 .00 AM onwards
Venue : S. C. College Campus &
Pelurpar, Ragnura


SARADA CHARAN DEY COLLEGE
SARADA CHARAN DEY COLLEGE
Kalinagar Pt Iii, Assam, India
Rjvh+6rm, 37, National Highway 53, Kalinagar Pt Iii, Assam 788801, India
Lat 24.843122° Long 92.629872°
Thursday, 24/09/2026 03:00 PM GMT +05:30
Google




MQR2+JCV, Silcoorie Grant, Assam 788011, India
Latitude
24.69168666666667°
Longitude
92.75051°
Local 01:13:18 PM
Altitude 56 meters

SHABDANJALI

The College Magazine

3rd Edition

September 2026

Patron: **Mrs. Sampa Deb Kanungo**
[Principal (i/c), Sarada Charan Dey College, Kalinagar]

Editorial Board:

Editor: **Mr. Sankar Kumar Das**
(Assistant Professor, Department of Economics)

Co-Editors:
1. **Dr. Tumpa Bhattacharjee**
(Head, Department of Economics)
2. **Miss Suma Dey**
(Assistant Professor, Department of Philosophy)

Sub Editors:
1. **Dr. Madhabi Dey**
(Head, Department of English)
2. **Mr. Bikram Chakraborty**
(Assistant Professor, Department of History)
3. **Mr. Abul Hussain Mazumder**
(Assistant Professor, Department of Political Science)

Published by

SARADA CHARAN DEY COLLEGE
P.O.: Kalinagar, Dist: Hailakandi, Assam
Pin: 788801

Title: **SHABDANJALI**
(A Tribute of Words)

Editor: ***Mr. Sankar Kumar Das***

Published by: ***Sarada Charan Dey College***
Po: Kalinagar, Dist: Hailakandi (Assam), Pin: 788801

Edition: *3rd Edition*

Date of Publication: *10th October, 2026*

Cover Design: *Mr. Papu Das*

Printed by: ***Nicety Graphics***
Link Road Point, Hailakandi Road, N. S. Avenue
Silchar, Dist. Cachar (Assam)
Pin: 788006

Copyright: *Sarada Charan Dey College*

All rights reserved. No part of this publication may be reproduced, transmitted or utilised in any form or by any means – electronic, mechanical, photocopying, recording or otherwise without prior permission from the publisher. Concerned authors are solely responsible for their articles, views and opinions. Neither the publisher nor the editors will be responsible for any kind of penalty if claimed. Contributing authors have no right to demand any kind of royalty for their articles.

प्रोफेसर राजीव मोहन पंत
कुलपति

Prof. Rajive Mohan Pant
Vice-Chancellor

असम विश्वविद्यालय
(एक केंद्रीय विश्वविद्यालय)
सिलचर 788011, असम, भारत

Assam University
(A Central University)
Silchar 788011, Assam, India



MESSAGE

It is with great pleasure to extend heartfelt congratulations to the staff, students, and editorial board of Sarada Charan Dey College, Kalinagar, Hailakandi on the publication of the college magazine, 'Shabdanjali'.

A college magazine is a powerful platform that chronicles the triumphs and explorations of a student body, and this publication is a true testament to the talent and hard work that thrives within your institution. The dedication of the entire team in compiling this magazine is truly commendable.

Wishing the entire college community continued success in all future endeavors.

Date : 30.09.2026

Vice Chancellor

SARADA CHARAN DEY COLLEGE

(Affiliated to Assam University& NAAC Accredited)
Vill &P.O.-Kalinagar, Dist.:Hailakandi,Assam-788801
ESTD.:1992

E-mail.-scdeycollege@gmail.com
Website:-scdck.ac.in
Phone. No.-9954731808



Sura Chandra Sinha
M.A., (Economics)
President, Governing Body

MESSAGE

It gives me immense pleasure to know that Our College is bringing out third edition of its magazine 'SHABDANJALI'. A College Magazine is a mirror of the academic, creative and cultural activities of an institution. It provides students and teachers with an opportunity to express their ideas, talents and experiences.

I appreciate the sincere efforts of the Principal, faculty members, students and the editorial team in bringing out this publication. I hope the magazine will encourage creativity, intellectual growth and a spirit of social responsibility among our students.

I express my heartfelt congratulations and best wishes to everyone associated with this publication. May the magazine continue to inspire and reflect the achievements and aspirations of our college community.

I do believe in success of our College Magazine.

Sura Chandra Sinha
(Sura Chandra Sinha)

OFFICE OF THE PRINCIPAL

SARADA CHARAN DEY COLLEGE

(Affiliated to Assam University& NAAC Accredited)
Vill &P.O.-Kalinagar, Dist.:Hailakandi,Assam-788801
ESTD.:1992

E-mail.-scdeycollege@gmail.com Website:-scdck.ac.in
Phone. No.-9954731808



শুভেচ্ছা বার্তা

বিগত প্রতি বছরের ন্যায় এবারও আমাদের সারদা চরণ দে মহাবিদ্যালয়ের বার্ষিক পত্রিকা শব্দাঞ্জলি নূতন কলেবরে আত্মপ্রকাশ করতে চলেছে। শরতের আকাশে পেঁজা তুলোর মত সাদা মেঘ, আর ধরনীর শুভ্র কাশফুল যখন উৎসবের জানান দিচ্ছে, প্রতি বছর এই সন্ধিক্ষণেই আমাদের কলেজ পত্রিকা শব্দাঞ্জলিও নূতন আঙ্গিকে সেজে উঠে।

এই পত্রিকা নবাগত ও পুরাতন ছাত্র ছাত্রীদের, তথা শিক্ষক শিক্ষিকাদের প্রতিভা প্রকাশের এবং বিকাশের এক মুক্ত মঞ্চ। আমাদের লক্ষ্য শুধুমাত্র পত্রিকা প্রকাশনা নয়, বরং এর মাধ্যমে নিজেদের মানবিক মূল্যবোধ, সমাজ সচেতনতা এবং সৃজনশীল চিন্তার বিকাশ ঘটানো।

আমি বিশ্বাস করি, এই পত্রিকার প্রতিটি সংখ্যা হবে ছাত্র ছাত্রীদের সঙ্গে শিক্ষক শিক্ষিকার সর্বোপরি এই পত্রিকার পাঠক হৃদয়ের সেতুবন্ধন।

পত্রিকাটির সঙ্গে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, লেখক, লেখিকা, চিত্রশিল্পী, সম্পাদক, প্রকাশক ও শুভানুধ্যায়ীদের জানাই আন্তরিক শুভেচ্ছা অভিনন্দন। এই প্রকাশনা আমাদের মনে আনন্দ, জ্ঞান ও নতুন ভাবনার সঞ্চার করবে এবং সৃজনশীলতার বিকাশে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

শম্পা দেব কানুনগো

(শম্পা দেব কানুনগো)
ভারপ্রাপ্ত অধ্যক্ষা
সারদা চরণ দে মহাবিদ্যালয়, কালীনগর

Editorial ...

It gives me immense pleasure to present the Third Edition of our College Magazine "SHABDANJALI" (A tribute to words), a platform that celebrate the creativity, achievements, ideas and experience of our college community. With each edition, our magazine grows not merely in pages, but also in spirit, imagination and purpose.

A college is more than a place of academic learning. It is a space where young minds explore new ideas, develop their talents, build relationships and discover their responsibilities towards society. This edition of the magazine reflected that vibrant spirit through the diverse contributions of our students, teachers and other members of the college community.

The journey from the first edition to this third edition has been one of learning, cooperation and continuous improvement. Every article, poem, story, artwork, photograph and achievement presented here represents the enthusiasm and dedication of its contributor. We are grateful to everyone who has shared their thoughts and talents and helped make this particular edition even more meaningful.

A magazine becomes truly valuable when its gives a voice to different perspectives. We hope this edition encourages our readers to think creativity, appreciate different view points and remain curious about the world around them. May these pages inspire students to express themselves confidently and pursue their dreams with determination.

We sincerely acknowledge the support and encouragement of our Principal, Governing Body, Faculty members, non-teaching staff, editorial team, students, contributors and everyone who worked behind the scenes to bring this edition to life.

As we open the pages of the 'Third Edition', let us celebrate our collective achievements and look forward to greater opportunities, new ideas and brighter possibilities.

Happy Reading!

Sankar Kumar Das

(SANKAR KUMAR DAS)

Editor

Contents

Bengali Section

➢ বাংলার নবজাগরণে সারদা মায়ের ভূমিকা	শম্পা দেব কানুনগো	1
➢ স্বাধীনতার আলোকে নারী	দেবযানী দাস	4
➢ বেকারত্ব	আব্দুল জাহেদ চৌধুরী	7
➢ স্বাধীনতা — তুমি কে?	আলোক দেবনাথ	9
➢ নিরক্ষরতা দূরীকরণে ছাত্র সমাজের ভূমিকা	রমজানা আখতার চৌধুরী	13
➢ ডিজিটাল যুগে দায়িত্বশীল নাগরিকত্ব ও সচেতনতার প্রয়োজন	মাসহুদা বেগম বড়ভূইয়া	15
➢ ছাত্রের অধিকার	আলোক দেবনাথ	17
➢ কলম	মাসহুদা বেগম বড়ভুইয়া	18
➢ একজন শিক্ষকের বিশ্বাস	সুপা নাথ	19
➢ সময়ের অবিরাম গতি	বিপ্লজিৎ সিংহ	20
➢ লক্ষ্য	মুন্না ভট্টাচার্য	21
➢ আমার মা	মুন্না ভট্টাচার্য	22
➢ মাতৃভাষা	পানসী রায়	23
➢ স্বাধীনতা	পানসী রায়	24
➢ বিশ্ব কবি	জাবির হুসেন খান	25

English Section

➢ Nalanda University: The Beacon of Ancient Learning	Mrs. Minakshi Dey	26
➢ Women Empowrment : A Path Towards Equality and Social Progress	Chhanda Dhar	28
➢ The Family in a Changing World: Why Values Still Matter	Rajiya Begom Barbhuiya	30
➢ From Classroom to Career: Skill-Based Education	Sankar Kumar Das	32

- Use and Abuses of Artificial Intelligence — Dr. Madhabi Dey — 34
- Indian Foreign Policy: A legacy of Peace and Neutrality — Abul Hussain Mazumder — 37
- The Library: A Gateway to Knowledge, Learning and Discovery — Damudar Das — 43
- The Role of Youth in Nation Building: Change Begins with Ordinary Young People — Debojit Das — 50
- The Great King Ashoka – The Journey from War to Peace — Tuhina Ferdous Bar Laskar — 53
- Results of Afforestation & Differestation in India — Deepak Roy — 54
- The Bee and the Fly — Jahida Mazumder — 56
- The Flame of Youth — Samir Das — 57

Hindi Section

- रोशेईघर एक प्रयोगशाला है — Suma Dey — 58
- भगवान को प्रतिज्ञा — Suma Dey — 60
- मौन ही अच्छा — Suma Dey — 61
- मुझे कोई इंसा नहीं मिलता — Alok Debnath — 62

Assamese Section

- সাৰদা চৰণ দে মহাবিদ্যালয়, শিক্ষার্থীৰ সুপ্ত প্রতিভাৰ জয়যাত্রা বুৰঞ্জীৰ পৰা ক্রীড়া – সংস্কৃতিৰ ধুমুহালৈ এক স্বর্ণিল অধ্যায় — Mithun Sarkar — 64
- ৰাধা — Pansi Roy — 74

Drawing Section

- অংকন – পানসী রায় — 75-76
- অংকন – কর্ণেন্দু শব্দকব — 77
- অংকন – শ্রেয়াংশী দাস — 78

বাংলার নবজাগরণে সারদা মায়ের ভূমিকা

❑ **শম্পা দেব কানুনগো (নাগ)**
ভারপ্রাপ্ত অধ্যক্ষা
সারদা চরণ দে কলেজ, কালীনগর, হাইলাকান্দি

১৮৫৩ সালের ২২শে ডিসেম্বর পশ্চিমবঙ্গের জয়রামবাটিতে রামচন্দ্র মুখোপাধ্যায় ও শ্যামা সুন্দরী দেবীর কোল আলো করে জন্ম নিলেন ঊনিশ শতকের বাংলার নবজাগরণের সর্বোত্তম মহিলা নেত্রী সারদামণি, যিনি ভক্তদের পরম শ্রদ্ধেয়া শ্রীমা। আধ্যাত্মিক নবজাগরণের কর্ণধার শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের সুযোগ্যা সহধর্মিনী সারদামণি নিজের প্রতিটি আচরণ এবং কর্মের মাধ্যমে বাংলার নবজাগরণকে এগিয়ে নিয়ে গেছেন অভিষ্ট লক্ষ্যে।

নবজাগরণ বলতে আমরা সাধারণত বুঝি নতুন করে জেগে ওঠা বা পুনর্জাগরণ। সমাজ, সংস্কৃতি, শিক্ষা, সাহিত্য, ধর্ম, ও চিন্তাধারায় পরিবর্তন ঘটে যখন নতুনত্বের ছোঁয়া লাগে তখনি নবজাগরণের সূচনা হয়। এককথায় অজ্ঞতা ও পশ্চাৎপদতা থেকে জ্ঞান ও প্রগতির পথে এগিয়ে যাওয়ার প্রক্রিয়াকেই নবজাগরণ বলে।

প্রস্তুত উনিশ শতক থেকে শুরু করে বিশ শতকের প্রথমার্ধ পর্যন্ত বিস্তৃত বাংলার নবজাগরণে শ্রীশ্রী মা কেন্দ্রীয় ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন, বিশেষ করে নারী জাগরণ ও আধ্যাত্মিক পুনর্জাগরণে সারদা মায়ের ভূমিকা ছিল অপরিসীম। ভাবতে অবাক লাগে সেযুগের একজন সামান্য আটপৌরে এক গ্রাম্য গৃহবধূ, যার কোনো তথাকথিত পুঁথিগত বিদ্যা নেই, যিনি শালীনতার সীমা লঙ্ঘন না করে বা কোনো মিটিং মিছিল প্রতিবাদ সভায় বা কোনো আলোচনা সভায় প্রকাশ্যে যোগদান না করেও নীরবে নিভৃতে বাংলার নবজাগরণে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছিলেন।

বাংলার নবজাগরণে শ্রী শ্রী মায়ের ভূমিকা ছিল মূলত নীরব, আধ্যাত্মিক ও নারী শক্তির জাগরণ মূলক। শ্রী শ্রী রামকৃষ্ণ পরমহংসের আধ্যাত্মিক আন্দোলনের প্রকৃত চালিকা শক্তি ছিলেন তিনি। তিনি তাঁর লৌকিক জীবনে অগণিত ভক্তকে মাতৃস্নেহ ও আধ্যাত্মিক দীক্ষা দিয়ে কাছে টেনে নিয়েছিলেন। জাতি, ধর্ম বর্ণ নির্বিশেষে সবাইকে মা হিসেবে নিজের সন্তানের মতো আপন করে নিয়েছিলেন। এই একুশ শতকেও যেখানে আমরা এখনো সাম্প্রদায়িক বিষবাষ্পের কবল থেকে পুরোপুরি মুক্ত হতে পারিনি সেখানে ঊনবিংশ শতকে এক নিরক্ষর নারী মুসলমান সম্প্রদায়ের ডাকাত আমজাদকে নিজের হাতে পরিবেশন করে খাইয়েছেন, এমন কি নিজের হাতে তাঁর উচ্ছিষ্ট পরিষ্কার করেছেন। অত্যন্ত স্বাভাবিক ভাবেই বলেছেন, 'শরৎ যেমন আমার ছেলে, আমজাদও আমার ছেলে। দক্ষিণেশ্বরে স্বামী সন্দর্শনে যাবার কালে তেলোভেলোর মাঠে ভয়ংকর ডাকাত দম্পতির কাছে নিজেকে তাদের মেয়ে বলে পরিচয় দিয়ে তাদেরকে যেমন আপন করে কাছে টেনে নিয়েছেন, তেমনি শ্রী শ্রী মায়ের সান্নিধ্যে এসে ওই ডাকাত দম্পতি নিজেদের পাপের রাস্তা ছেড়ে দিতে বাধ্য হয়েছে। তারাও আর দশটা সাধারণ

মানুষের মতোই সুস্থ ভাবে বেঁচে থাকার রাস্তা খুঁজে নিয়েছে। সেকালের লোক বিদেশীদের ম্লেচ্ছ জ্ঞানে তাঁদের সংস্পর্শ এড়িয়ে চলতো। কিন্তু সারদা মা সিস্টার নিবেদিতা (মিস মার্গারেট নোবেল)কে খুকি বলে সম্বোধন করে নিজে পাশে বসে তাঁর মুখে খাবার তুলে দিয়েছেন। সারদা মায়ের এই জীবন দর্শন মানুষকে জাতিভেদ, কুসংস্কার ও সংকীর্ণতার ঊর্ধ্বে উঠে মানুষকে মানুষ হিসেবে ভালোবাসতে শিখিয়েছে যা বাংলার জাগরণের মূল মন্ত্র ছিল।

ঊনবিংশ বিংশ শতকের নবজাগরণে শ্রী শ্রী মা নারী শিক্ষা, নারীর ক্ষমতায়ন এবং সামাজিক সংস্কারে বিপ্লবী ভূমিকা পালন করেছেন। স্বয়ং স্বামী বিবেকানন্দ তাঁকে স্ত্রী জাতির পুনরুত্থানের প্রতীক হিসেবে মনে করতেন। নিজে প্রথাগত শিক্ষায় শিক্ষিত না হয়েও নারীশিক্ষার প্রবল সমর্থক ছিলেন। তাঁর অনুপ্রেরণাতেই ভগিনী নিবেদিতা মেয়েদের স্কুল খোলেন, যা পরবর্তীকালে নারী জাগরণের পথ প্রশস্ত করে।এ ব্যাপারে সারদা মায়ের পূর্ণ সহযোগিতা ও আশীর্বাদ নিবেদিতা পেয়েছিলেন। তাঁর প্রত্যক্ষ উৎসাহে ও আদর্শে অনুপ্রাণিত হবার পরেই মার্গারেটের মতো বিদেশিনী নারীর পক্ষে ভারতের তথা বাংলার মাটিতে নারী শিক্ষা বিস্তারে এগিয়ে যাওয়া সম্ভব হয়েছিল। তিনি সর্বদা নারীদের স্বাবলম্বী ও আত্মবিশ্বাসী হবার উপদেশ ও উৎসাহ দিতেন।

'আমি সতের ও মা, অসতের ও মা' এই বাণী নিজের জীবনে বাস্তবায়িত করে তিনি যেমন মাতৃ জাতি হিসেবে নারীদের উদার মনোভাব পোষণ করার কথা বলেছেন, তেমনি জাতপাতের ঊর্ধ্বে উঠে তিনি নতুন জীবন ও কর্মে নারী শক্তিকে জাগিয়ে তুলেছিলেন।

ঊণিশ শতকে নারীরা ছিল অবহেলিত অনাদৃত, শ্রী শ্রী মা নারীর আত্মমর্যাদা, শিক্ষা লাভ ও আত্মনির্ভরতার পক্ষে সুস্পষ্ট অবস্থান নেন। তিনিই দেখিয়েছিলেন কিভাবে আধ্যাত্মিকতা ও গার্হস্থ্য দায়িত্ব কর্তব্য এক সংগে পালন করেও নেতৃত্ব দেওয়া সম্ভব। বিবেকানন্দের 'জ্যান্ত দুর্গা দশ হাতে ঘর এবং বাহির একসাথে সামলে গেছেন। সংসারের সাধারণ কাজ বা ঘরকন্না করেও যে আধ্যাত্মিক উচ্চতায় পৌঁছানো যায়, তিনি তার জ্বলন্ত উদাহরণ। ঠাকুর শ্রী শ্রী মায়ের এই নেতৃত্ব দানের শক্তি সম্পর্কে অবগত ছিলেন বলেই নিজেকে দেখিয়ে তাঁকে বলেছিলেন, 'এ আর কি করেছে, তোমাকে এর থেকে অনেক বেশি করতে হবে।'

শ্রী শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের মহাপ্রয়ানের পর শ্রীশ্রী মা, স্বামীজি প্রতিষ্ঠিত রামকৃষ্ণ মিশনের প্রধান চালিকাশক্তি হিসেবে সঙ্ঘের ব্যবহারিক ও আধ্যাত্মিক নির্দেশিকা প্রদান করতেন। তিনি যোগ ও কর্মের মিলনের মাধ্যমে সমাজে আধ্যাত্মিক বিপ্লবের সূচনা করেন। সারদা মা রামকৃষ্ণ মঠ ও মিশনের সঙ্ঘ জননী হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। রামকৃষ্ণ মিশনের আদর্শ আত্মোন্নতি ও জীবসেবাকে অন্তরে গ্রহণ করে সারদা মা একে মাতৃস্নেহের রূপ দেন, দুর্ভিক্ষ, মহামারী ও দারিদ্র্যে আক্রান্ত মানুষের পাশে দাঁড়ানোকে তিনি ধর্ম পালনের অঙ্গ হিসেবে দেখান। পাশাপাশি দেশ সেবার কাজে মঠের সন্ন্যাসীদের নিয়োজিত হতে উদ্বুদ্ধ করেন। তিনি শুধু ভক্তদের মা নন, তিনি বিপ্লবীদের ও মা। ভারতের স্বাধীনতা তাঁর কাম্য ছিল অবশ্যই, কিন্তু ইংরেজদের ক্ষতি তিনি চাইতেন না। তাঁর সহজ সরল উপদেশ, সহিষ্ণুতা, আত্মসংযম, কর্মনিষ্ঠা নবজাগরণের ব্যক্তিত্বদের নৈতিক শক্তি জুগিয়েছে। তিনি দেখিয়েছেন যে সংস্কার

কেবল তত্ত্বে নয়, জীবনের প্রতিদিনের আচরণে প্রতিফলিত হওয়া দরকার।

ভক্তদের শরীর স্বাস্থ্য যাতে ঠিক থাকে, সেদিকেও মায়ের কড়া নজরদারি ছিল। আধুনিক মনস্কা মা তাই ভক্তদের বলেছেন, 'বাবা, তোমরা মাছ মাংস যা খেতে মন চায় খাবে। আমার ছেলেরা নিরামিষ খাবে কেন?... খেয়ে দেয়ে দেহটা ঠাণ্ডা করে নিয়ে ঠাকুরকে ডাকবে। বাকিটা আমি দেখব।' আবার সংসারে টিকে থাকার জন্য পরিস্থিতির ওপর ভিত্তি করে সঠিক পদক্ষেপ নেবার কথা বলতে গিয়ে দৃঢ়ভাবে ভক্তদের বলেছেন, 'যখন যেমন, তখন তেমন। যেখানে যেমন, সেখানে তেমন।' এর থেকেই বোঝা যায় সমাজ সংস্কারের বীজ মায়ের চরিত্রে কতখানি ছিল।

এককথায় বাংলার নবজাগরণে সারদা মায়ের ভূমিকা ছিল নীরব কিন্তু গভীর। তাঁর আধ্যাত্মিক মতবাদ, মানবতাবাদ, নারী জাগরণ, সামাজিক সমতা ও সেবা ধর্মের আদর্শ আজকের যুগেও প্রাসঙ্গিক ও শিক্ষনীয়। তাঁর মাতৃস্নেহময় নেতৃত্ব সে যুগের নবজাগরণের ভাবধারা কে স্থায়িত্ব ও সফলতা এনে দিয়েছে যা আজও বাঙালি সমাজে প্রেরণার উৎস।

শ্রীমা শুধুমাত্র ঠাকুর রামকৃষ্ণের সহধর্মিনী ছিলেন না, তিনি ছিলেন শ্রী শ্রী ঠাকুরের আধ্যাত্মিক সহযাত্রী ও বাংলা নবজাগরণের পুরোধা ব্যক্তিত্ব।

ঋণ স্বীকার:

১। শ্রী শ্রী মায়ের কথা, দ্বিতীয় ভাগ, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

২। নবজাগরণ, সমাজ বিবর্তন ও শ্রী মা সারদা দেবী-অমিতাভ মুখোপাধ্যায়।

৩। শতরূপে সারদা-স্বামী লোকেশ্বরানন্দ।

৪। শ্রী সারদা দেবী-আধুনিক নারীর আদর্শ-স্বামী গৌতমানন্দ।

৫। শ্রী শ্রী মা সারদা দেবীর জীবনাদর্শ-স্বামী ভূতেশানন্দ।

''শ্রী–সারদা দেবী ছিলেন ভারতীয় নারীত্বের
সর্বোচ্চ আদর্শের জীবন্ত প্রতিমূর্তি।''

—— রোম্যাঁ রোলাঁ

স্বাধীনতার আলোকে নারী

❑ **দেবযানী দাস**
বিষয় শিক্ষিকা (বাংলা)
গোপাল গোবিন্দ সিনিওর সেকেণ্ডারী স্কুল, কালীনগর

'স্বাধীনতার আলোকে নারী — নারী তুমি শুধু ঘরের আলো নও — তুমি সমাজের অগ্রযাত্রার ও এক অনিবার্য দীপশিখা।'

ভোরের প্রথম আলো যখন অন্ধকার সরিয়ে পৃথিবীকে নতুন করে জাগিয়ে তোলে, তখন একৃতি যেন নতুন জীবনের বার্তা দেয়। তেমনি একজন নারীর জীবনে স্বাধীনতার আলো এসে পড়লে শুধু তার জীবনই আলোকিত হয় না — আলোকিত হয় একটি পরিবার, একটি প্রজন্ম, কখনো বা একটি গোটা সমাজ।

একটি মেয়ের চোখে কত স্বপ্নই না থাকে। কেউ হতে চায় চিকিৎসক, কেউ শিক্ষক, কেউ বিজ্ঞানী, কেউ শিল্পী; আবার কেউ শুধু নিজের মতো করে একটি সুন্দর জীবন গড়তে চায়, কিন্তু স্বপ্ন দেখার পাশাপাশি সেই স্বপ্ন পুরণের অধিকার ও তার থাকা দরকার। কারণ স্বাধীনতা মানে শুধু বাঁধনহীনতা নয়; স্বাধীনতা মানে নিজের জীবনকে নিজের মতো করে গড়ে নেওয়ার অধিকার।

স্বাধীনতার আনন্দ :—

'স্বাধীনতা মানে শুধু শিকল ভাঙ্গা নয়;
স্বাধীনতা মানে নিজের ডানা মেলে,
আকাশ ছোঁয়ার আনন্দ।'

একটি মেয়ে মখন নিজের পছন্দের বিষয় নিয়ে পড়তে পারে, একজন তরুণী যখন নিজের পেশা বেছে নিতে পারে, একজন মা যখন অসমাপ্ত স্বপ্ন আবার নতুন করে শুরু করেন- সেই মুহূর্তগুলোর মধ্যেই লুকিয়ে থাকে স্বাধীনতার নির্মল আনন্দ।

নিজের সিদ্ধান্ত নিজে নেওয়া, নিজের পরিশ্রমে নিজের পরিচয় তৈরী করা এবং নিজের স্বপ্নকে বাস্তবে রূপ দিতে পারাই নারী স্বাধীনতার সবচেয়ে সুন্দর অর্জন।

শিক্ষার আলোয় স্বপ্নের ডানা:

নারী স্বাধীনতার সবচেয়ে শক্তিশালী ভিত্তি হলো শিক্ষা। শিক্ষা শুধু জ্ঞান দেয় না; শিক্ষা মানুষকে নিজের অধিকার চিনতে, প্রশ্ন করতে এবং অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে শেখায়। আজকের নারী ঘরের গন্ডি পেরিয়ে শিক্ষা, চিকিৎসা, বিজ্ঞান, প্রশাসন, ব্যবসা, শিল্প ও প্রযুক্তির নানা ক্ষেত্রে নিজের যোগ্যতার পরিচয় দিচ্ছেন, তবু এখনও অনেক মেয়ের শিক্ষা নানা কারণে

থেমে যায়। পরিবার, সমাজের চাপে নিজের ইচ্ছাপূরণ করতে অসমর্থ থেকে যায়, তাই প্রতিটি মেয়ের হাতে শিক্ষার আলো পৌঁছে দেওয়াই হোক আমাদের অঙ্গীকার।

নারী ও পুরুষ — সহযাত্রী:

নারীর স্বাধীনতা পুরুষের বিরুদ্ধে কোনো যুদ্ধ নয়। নারীও পুরুষ একই সমাজের দুটি শক্তি, একই জীবনের দুই সহযাত্রী। একজন 'বাবা যখন মেয়ের স্বপ্নকে সম্মান করেন, একজন ভাই যখন বোনের পাশে দাঁড়ান, একজন স্বামী যখন স্ত্রীর মতামত ও কর্মজীবনকে মর্যাদা দেন- তখন নারীর পথ আরও সুন্দর ও সহজ হয়।

এই সহযোগীতা কোন দয়া নয়; এটি সমতার স্বাভাবিক প্রকাশ। সংসারও তো দুজনের-তাই তার দায়িত্বও হোক দুজনের। পরস্পরের কাজকে সম্মান করা, দায়িত্ব ভাগ করে নেওয়া এবং একে অপরের স্বপ্নকে মর্যাদা দেওয়ার মধ্যেই রয়েছে প্রকৃত সহযাত্রার সৌন্দর্য।

দৃষ্টিভঙ্গির পরিবর্তন!

নারীর স্বাধীনতার সবচেয়ে বড় বাধা অনেক সময় কোনো প্রাচীর নয়, আমাদের চিন্তার ভেতরে তৈরী অদৃশ্য দেয়াল। 'মেয়ে বলে পারবে না', 'এটা মেয়েদের কাজ নয়' — এই ধারণাগুলো একটি স্বপ্নকে জন্মের আগেই থামিয়ে দিতে পারে, তাই বদলাতে হবে আমাদের দৃষ্টিভঙ্গি। একজন নারীকে তার পরিচয় দিয়ে নয়, তার যোগ্যতা; চিন্তা ও কাজ দিয়ে বিচার করতে হবে।

বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন, হয়রানি ও বৈষম্যের বিরুদ্ধে নারী-পুরুষ সবাইকে একসঙ্গে দাঁড়াতে হবে। কারণ নারীর নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করা শুধু নারীর নয়, সমগ্র সমাজের দায়িত্ব।

আজকের নারী, আগামীর স্বপ্ন!

আজকের নারী শুধু নিজের ভাগ্য বদলাচ্ছেন না; তিনি বদলে দিচ্ছেন একটি পরিবার, একটি প্রজন্ম কখনো একটি সমাজের ভবিষ্যৎ।

একজন শিক্ষিত মা সন্তানের হাতে শুধু বই তুলে দেননা, তুলে দেন স্বপ্ন দেখার সাহস। একজন কর্মজীবী নারী শুধু উপার্জন করেন না, তিনি পরবর্তী প্রজন্মকে আত্মনির্ভরতার শিক্ষা দেন। একজন গৃহবধূ তার সমস্ত দিনের পরিশ্রমের বিনিময়ে নিজের পরিবারকে স্বপ্ন দেখার সুযোগ করে দেন। একজন সফল নারী নিজের পথের পাশাপাশি আরও অনেক মেয়ের সামনে নতুন পথ খুলে দেন। তাই একটি মেয়ে স্বপ্নকে সম্মান করা মানে শুধু তার বর্তমানকে সুন্দর করা নয়; ভবিষ্যৎ পৃথিবীটাকেও আরও সুন্দর করে তোলা।

উপসংহার :

নারীর স্বাধীনতার জন্য প্রয়োজন শিক্ষা, নিরাপত্তা, আত্ম--বিশ্বাস এবং মানুষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন। নারীকে এগিয়ে যাওয়ার সুযোগ দিতে হবে, আর পুরুষকে হতে হবে সেই পথের সহযাত্রী।

রবীন্দ্রনাথ ঠাকুরের সেই চিরন্তন বানী আজও আমাদের পথ দেখায় —

‘‘নারীকে আপন ভাগ্য জয় কবিবার অধিকার দিতে হবে।’’

এই অধিকারই হোক নারীর শক্তি, এই স্বাধীনতাই হোক তার আনন্দ, আর তার মুক্ত আকাশের দিকে উড়ে যাওয়া হোক আমাদের সকলের গর্ব।

স্বাধীনতার আলোয় আলোকিত হোক প্রতিটি নারী তার চোখে থাকুক স্বপ্ন, কণ্ঠে থাকুক সাহস, মুখে থাকুক হাসি-আর তার পথচলায় লেখা থাকুক এক নতুন পৃথিবীর গল্প।

‘‘নারী জন্মগতভাবে নারী হয়ে ওঠে না;

সমাজ তাকে সেই পরিচয় গড়ে তোলে।’’

— সিমোন দ্য বোভোয়ার



বেকারত্ব

❑ **আব্দুল জাহেদ চৌধুরী**
প্রাক্তন ছাত্র
সারদা চরণ দে কলেজ, কালীনগর

আমাদের ছাত্রজীবনের একটা বড় সময় কাটে বইয়ের পাতা, ক্লাসরুমের চারদেওয়াল আর পরীক্ষার ব্যস্ততায়। আমরা সবাই মনে মনে একটা সুন্দর ভবিষ্যতের স্বপ্ন বুনি। ভাবি, কষ্ট করে পড়াশোনাটা শেষ করতে পারলেই হয়তো একটা সম্মানজনক কাজ পাব, নিজের পায়ে দাঁড়াব আর বাবা-মায়ের মুখে হাসি ফোটাব। জীবনের এই রঙিন দিনগুলোতে ভবিষ্যতের ছোট ছোট পরিকল্পনা আমাদের আলোড়িত করে। কিন্তু পড়াশোনার গণ্ডি পার হয়ে যখন বাস্তব জীবনে পা রাখি, তখন এক কঠিন ও রুক্ষ সত্যের মুখোমুখি হতে হয়। সেই সত্যটার নাম বেকারত্ব। এটি কেবল একটি শব্দ বা পরিসংখ্যান নয়; এর সাথে জড়িয়ে আছে স্বপ্নভঙ্গ, প্রতিদিনের মানসিক লড়াই আর মনের ভেতরের এক অদ্ভুত শূন্যতা।

আজকাল চারপাশে ডিগ্রিধারী মানুষের অভাব নেই, কিন্তু সেই তুলনায় কাজের সুযোগ বড্ড কম। পড়ালেখা শেষ করে কাজ না পাওয়া পর্যন্ত যে সময়টা মাঝখানে থমকে থাকে, সেই সময়টার তীব্র যন্ত্রণা আমরা প্রতি মুহূর্তে টের পাই। তার ওপর প্রতিযোগিতার বাজারে যখন সামান্য নম্বরের জন্য আটকে যেতে হয়, বিশেষ করে সাধারণ (জেনারেল) ক্যাটাগরির শিক্ষার্থীদের জন্য এই লড়াইয়ের দৌড়টা আরও কিছুটা কঠিন ও দীর্ঘ হয়ে দাঁড়ায়। তখন মনে হয়, শুধু মেধা বা পরিশ্রমই নয়, ভাগ্যের চাকাটাও যেন আমাদের সাথে কিছুটা অবিচার করছে। সকালেই ইমেইল বক্স চেক করা, নতুন চাকরির বিজ্ঞাপন খোঁজা, একটা ইতিবাচক উত্তরের আশায় ঘণ্টার পর ঘণ্টা ফোনের দিকে তাকিয়ে থাকা আর দিনের পর দিন সিভি জমা দিয়ে অপেক্ষার প্রহর গোনা-এই পুরো প্রক্রিয়াটা আমাদের ভেতর থেকে ভীষণ ক্লান্ত করে তোলে।

এই কঠিন সময়ে সবচেয়ে বেশি চেনা যায় চারপাশের মানুষগুলোকে। চারপাশে এমন অনেক মানুষ থাকে, যারা মুখে সমবেদনা দেখালেও ভেতরে ভেতরে হয়তো আমাদের এই থমকে যাওয়াটাকে উপভোগ করে। আবার অনেকেই পরামর্শ দেওয়ার ছলে এমন কিছু কথা বলে, যা সাহায্য করার চেয়ে মানসিক আঘাত দেয় বেশি। এত পড়ালেখা করে কী লাভ হলো? কিংবা অমুকের ছেলে তো ভালো জায়গায় ঢুকে গেল, তোমার কী হলো? এই ধরনের খোঁচা মারা মন্তব্য আর লোকদেখানো সহানুভূতি আমাদের মনকে আরও বিষিয়ে তোলে। কাছের মনে হওয়া মানুষগুলোর এই বদলে যাওয়া রূপ দেখে মাঝে মাঝে মানুষের ওপর থেকেই বিশ্বাস উঠে যেতে চায়।

দিনের পর দিন হাজার চেষ্টা করেও যখন নিজের যোগ্যতার প্রমাণ দেওয়ার সুযোগ পাওয়া যায় না, তখন নিজেদের ওপরই সন্দেহ জাগতে শুরু করে। মনে হতে থাকে, আমাদের মধ্যে হয়তো সত্যি কোনো যোগ্যতা নেই। চারপাশের এই পরিস্থিতি ধীরে ধীরে আমাদের এক

গভীর হতাশায় ডুবিয়ে দেয়। আমরা মানুষের কোলাহল এড়িয়ে নিজেদের কিছুটা আড়ালে নিয়ে চলে যাই। অথচ এই অনিশ্চিত দিনগুলোতে আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন একটু মানসিক ভরসার। আমরা শুধু চাই, অন্তত পরিবার আর সত্যি যারা ভালোবাসে, তারা যেন এই কঠিন সময়ে হাতটা ধরে রাখে।

তবে এই থমকে থাকাটাই কিন্তু জীবনের শেষ সীমানা নয়। শুধু প্রথাগত পড়াশোনা বা একটা নির্দিষ্ট চাকরির ভরসায় বসে না থেকে, আমরা এখন নিজেদের নতুন নতুন দক্ষতায় গড়ে তোলার চেষ্টা করছি। নিজেদের ভেতরের অন্য সম্ভাবনাগুলোকে আবিষ্কার করার লড়াই চলছে। পথটা মসৃণ নয়, হয়তো প্রতিদিন অসংখ্য ব্যর্থতার মুখোমুখি হতে হচ্ছে, তবুও আমাদের ভেতরের লড়াই করার ইচ্ছেটা মুছে যায়নি।

আমরা জানি, জীবনের এই পরিবর্তন সহজ নয়। কিন্তু অন্ধকার রাত কেটে যেমন একদিন সূর্যের আলো ফোটে, তেমনই আমাদের জীবনের এই ধোঁয়াশা কেটে একদিন নতুন ভোরের দেখা আমরা পাবই। আজকের এই মানসিক লড়াই আর তিক্ত অভিজ্ঞতাগুলো আমাদের ভেতর থেকে আরও পরিপক্ক করে তুলছে। হয়তো কাল বা পরশু নয়, কিন্তু কোনো একদিন আমরা ঠিকই নিজেদের একটা সুদৃঢ় অবস্থানে নিয়ে যেতে পারব। প্রতিদিনের এই অনিশ্চয়তা অতিক্রম করে আমরা একদিন সফলতার দেখা পাব-এই বিশ্বাসটাই আমাদের প্রতিদিন নতুন করে এগিয়ে যাওয়ার শক্তি জোগায়।

''বেকারত্ব কোনো প্রাকৃতিক দুর্যোগের মতো অনিবার্য নয়; এটি আমাদের সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার ব্যর্থতার ফল।''

— জন ইটওয়েল।

স্বাধীনতা — তুমি কে?

❑ **আলোক দেবনাথ**
স্নাতক তৃতীয় বর্ষ
সারদা চরণ দে কলেজ, কালীনগর, হাইলাকান্দি

প্রস্তাবনা — উদ্ধৃত নিবন্ধটি লেখকের নিজস্ব ব্যক্তিগত বিবেকাধীন এবং সামাজিক ও বাস্তবিক চিত্রায়নের এক প্রচেষ্টা মাত্র।

দিশা নির্দেশ — পাঠকের কাছে অনুরোধ নিবন্ধটি লেখকের দৃষ্টিভঙ্গি দিয়ে বিবেচনা করবেন।

স্বাধীনতা সম্বন্ধে আমরা কি জানি, কতটুকু জানি এবং কতটুকু জানা প্রয়োজন বা উচিত? আমার মনে হয় এই প্রশ্নের উত্তর খোঁজার চেষ্টা করতে পারলে, এ নিবন্ধটি সার্থকতা পেতে পারে।

আমরা ছোটবেলা থেকে স্বাধীনতা সম্পর্কে যা শোনানো হয়েছে এবং যেভাবে শোনানো হয়েছে সেটাকেই আমরা সত্য ভেবে আত্মসাৎ করে নিয়েছি।

আমরা শুনেছি, যে, ভারত ১৯৪৭ সালের ১৫ই আগস্ট তারিখে স্বাধীন হয় এবং তা আমরা মুখস্ত করে রক্তের সাথে মিশিয়ে ফেলেছি। আমাদের চিরাচরিত শ্রুতি আমাদের রক্তে মিশে গেছে। অথচ আমরা জানি না যে এর পেছনে কি আছে, কতটুকু ঘটনা জড়িয়ে আছে, কতজন ব্যক্তি বা ব্যক্তিবর্গ ছিলেন। আমরা শুধু স্পষ্ট ভাবে এক এবং কয়েকজনের নাম জানি, কারণ আমাদেরকে তাই জানানো হয়েছে ওই কয়েকজনের পদদাস হিসেবে ব্যবহার করার উদ্দেশ্যে।

আমাদের এই নবপ্রজন্মের সবচেয়ে বড় দুঃখ সম্ভবত এটা বাস্তবিক সত্যটাকে ছলনার আড়ালে আবদ্ধ করে আমাদের সম্মুখে উপস্থাপন করা হয়েছিল। কারণ স্বাধীনতা কোন বস্তু নয়, কোন দেহ কোন পদার্থ নয় যে, কেউ একজন বা কিছু সংখ্যক মানুষ গিয়ে অন্য একজন বা একাধিক মানুষের কাছ থেকে চেয়ে নিল বা কেড়ে নিল। এটা একটা দুর্বার চিরাচরিত আবহমান, আবেগঘন গঙ্গা। যা অনেক কাল থেকে চলে আসছে এবং কুড়ি শতকের প্রথমার্ধে এক বিশাল প্লাবনের (বন্যার) সৃষ্টি করে এবং সেই বন্যার কবলে ইংরেজ নামক সেই অত্যাচারী, ব্যভিচারী, সেই বিচার, কুসঙ্গ, সব ভেসে চলে যায়। কিন্তু বন্যা যেমন শুধু আবর্জনা বা নোংরাকেই কেবল ভাসিয়ে নিয়ে যায় না, নিয়ে যায় অনেক মূল্যবান, সংরক্ষিত, স্থাবর-অস্থাবর সম্পত্তি, অমূল্য সম্পদ ইত্যাদি ইত্যাদি। ঠিক তেমনি এই স্বাধীনতার প্লাবন যেমন ভারতের ভূখণ্ড থেকে ইংরেজকে তাড়িয়ে ধুয়ে মুছে পরিষ্কার করেছে, তার সাথে সাথে পরিষ্কার করে দিয়েছে আমাদের সেই অগণিত বিপ্লবীদের, অগণিত ঋষি-মনীষীদের, বিচারকদের। যাদের বিচার সময়ের দিশাকে পাল্টে দিতে সক্ষম ছিল। সেই রকম হারিয়েছি কিছু মূল্যবান ব্যক্তি, বস্তু, স্থানকে নিশ্চিহ্ন করে দিয়েছিল। এ স্বাধীনতার বন্যা ইংরেজ নামক কুব্যবস্থা কে ধুয়ে নিয়ে যায়নি সঙ্গে ধুয়ে নিয়ে গেছে আমাদের অসংখ্য অগণিত ভারত মায়ের বীর সন্তানদের। যুবা থেকে বৃদ্ধ, শিশু থেকে

প্রবীণ, মহীয়সী থেকে মহান, রাজা-রানী থেকে সাধারণ প্রজা এবং সৎ, বিপ্লবী, সাহসী ব্যক্তিত্ব।

আজকে আমাদের কাছে সময় নেই ওদেরকে জানার-পড়ার-বুঝার, কারণ আমরা সেই স্বাধীনতার লড়াই নিজ চোখে দেখিনি, নিজ কানে শুনিনি এবং নিজ হাতে স্বাধীনতার জন্য কিছু করার সুযোগ পাইনি। আমরা পরাধীনতার যন্ত্রণা নিজ প্রাণে অনুভব করিনি তাই এই স্বাধীনতার মূল্য বুঝতে অক্ষম। কোন শিশু যখন আপ্রাণ চেষ্টা বা প্রয়োজনের পূর্বেই সহজসাধ্যে সেই বস্তু পেয়ে যায়, তখন সেই বস্তুর সত্যিকারের মূল্য কোনদিনও অনুভব করতে পারেনা এবং সেই বস্তুটিকে অতি সহজলভ্য ভেবে সেই রূপ আচরণ করে। ঠিক সেইরকম 'স্বাধীনতা' নামক অমূল্য রতনকে আমরা আজ হেয় করে এর ঠিক মূল্য নির্ধারণ ও সম্মান করতে পারছি না। এর সৎব্যবহার না করে এর অপব্যবহার এবং কোথাও কোথাও দুর্ব্যবহার করছি। এত দুঃসাধ্য সংগ্রাম, তপস্যা, বলিদান করার পর সে অমূল্য রতন কে যদি আমরা তার উপযুক্ত সঠিক মূল্য না দেই, তাহলে যারা এই স্বাধীনতা পাওয়ার জন্য নিজের দেহ, মন, প্রাণ উৎসর্গ এবং বিসর্জন করে গিয়েছেন তাদেরকে আমরা সম্পূর্ণ অসম্মান ও অপমান করছি। কিন্তু স্বাধীন এবং মহান দেশের এক স্বতন্ত্র নাগরিক হওয়ায় আমার আপনার এই দেশ, ভূমি, এই জাতির প্রতি কিছু দায়িত্ব ও কর্তব্য রয়েছে। সেই কর্তব্যের মধ্যে মূল কর্তব্য হয়েছে যা পেয়েছি সেটাকে অতি যত্নে সংরক্ষণ, পর্যবেক্ষণ, এবং এর উন্নতি সাধন করা।

আজ আমি পাঠকদের উদ্দেশ্যে একটা প্রশ্ন করতে চাই আমরা কি ঠিক তাই করছি?

প্রত্যেকের অন্তরমন হতে একটাই শব্দ বেরিয়ে আসবে ''না''।

কিন্তু এর উদ্দেশ্য এটা নয় যে কেউ করতে চাইছে না বা করতে চায় না। আমাদের মধ্যে বেশিরভাগ মানুষই সুশাসন এবং উন্নত শাসন ব্যবস্থার পক্ষে। কিন্তু আমরা জানি না কিভাবে সেই শাসন ব্যবস্থাকে বাস্তবায়িত করা যাবে।

এর জন্য অনেক বড় আন্দোলন মন্ত্রী-সন্ত্রী এদের পরিবর্তন, দোষীদের যথোপযুক্ত শাস্তি বিধান, নিয়ম-শৃঙ্খলার বন্ধন অবশ্যই প্রয়োজন। তাছাড়াও আমাদের নিজেদের আচার-আচরণে, ব্যবহারে কিছু ছোট ছোটপরিবর্তন করা।

স্বাধীনতা মানে অন্য কোন, ব্যক্তি বা কোন তন্ত্র কোনো ব্যবস্থা থেকে নিজেকে বা নিজেদেরকে আলাদা করে নেওয়ার নাম নয়। স্বাধীনতার অর্থ হয়েছে স্ব-অধীন, মানে নিজের (বিবেকের) অধীন হওয়া। যার মানে নিজের অন্তর্মনের অধীনস্থ হওয়া এবং সেই বিবেককে জাগ্রত করে তোলা। কারণ সবধরনের কর্ম এবং কৃত্যর পূর্বে ও পরে মানুষের বিবেক কাজ করে। সামাজিক দৃষ্টিতে কোন খারাপ ব্যক্তিকে যদি সমাজের প্রবাহমান ধারায় নিয়ে আসতে হয়, তাহলে ওকে কোন শাস্তি দিয়ে যতটুকু কাজ হবে সেটা অতি ক্ষণস্থায়ী, কিন্তু যদি ওই ব্যক্তির বিবেককে জাগ্রত করতে পারি তাহলে সেটা আজীবন পর্যন্ত প্রবহমান থাকবে। কারণ বিবেক একটা বৃক্ষ বীজের মত যা একবার বপন হয়ে গেলে তা ধীরে ধীরে বৃক্ষ হয়ে উঠে এবং সেই বৃক্ষকে নাড়ানো যায় না।

এইজন্যই আমরা অনেক সময় দেখে থাকি, যদি আমরা কোন ধরনের অন্যায়, অবিচার, যা অসামাজিক বা যেখানে বিবেক সাথ দেয়না এরকম কিছু করার পর আমাদের অন্তর্মন দুঃখিত হয়ে ওঠে। মানুষের যখন বিবেক জাগরিত হয় সে তখন পূর্ববৃত্ত চরিত্রের অধীনে থাকেনা।

জাগরিত বিবেকের পূর্বে ও পরের চরিত্রের মধ্যে তার ব্যক্তিত্বের সম্পূর্ণভাবে পরিবর্তন ঘটে থাকে। যেমন: কোন বাচ্চাকে যদি আমরা অযথা চড় কষিয়ে থাকি বা প্রয়োজনের থেকে বেশি শাসন করে থাকি তারপর আমাদের মনের যা অবস্থা ঘটে যেমন দুঃখিত হয়ে থাকি সেটাকেই বিবেক বলে।

যাই হোক আমরা মূল কথায় ফিরে আসি, সেটা হচ্ছে যে এই স্বাধীনতা কে আমরা কিভাবে লালন-পালন, পর্যবেক্ষণ এবং এর উন্নতি সাধন করব বা করতে পারব এটা আমাদের বিবেকের নাগরিক দায়িত্ব ও কর্তব্য দুইই। এখন আমাদের মনে প্রশ্ন আসতেই পারে যে আমরা এগুলো কেন করতে যাব! আমাদের তো দিব্যি চলছে, এবং কোন প্রয়োজন নেই অযথা কোনো কিছুতে জড়ানোর? তার উত্তরে আমি একটাই কথা বলবো যে সেদিনও বা সেই শতকের পর শতক ধরে যারা প্রাণ উৎসর্গ করে এসেছেন এই স্বাধীনতার জন্য তাদেরও কোনো প্রয়োজন ছিল না। এবং মূলত যারা এই কথাটা চিন্তাভাবনা করেছিল যে আমাদের প্রয়োজন নেই, ওরাই অনেক দীর্ঘ সময় ধরে এই ভারতের সর্বোচ্চ আসনে উপবিষ্ঠ হয়ে ছিল বা আছে। আমি বলব যারা দিয়েছে নিজের প্রাণ, নিজের রক্ত, নিজের সম্পদ-সম্পত্তি বিসর্জন করেছেন তাদের কজনকে জানি। সেই মহান আত্মারা তখন আগামী প্রজন্ম অর্থাৎ বর্তমানে আমাদের জন্য দায়িত্ব ও কর্তব্য পালন করে গেছেন। সেই জন্যই আজ আমরা স্বাধীনতার বাতাসে শ্বাস নিতে পারছি আমাদের এই স্বাধীন চলাফেরা, স্বাধীন জীবন সেই মহান আত্মাদের দেওয়া ঋণ। এখন আমরা আমাদের আগামী দিনের প্রজন্ম এবং আগামী দিনের উত্তরসূরীদের প্রতি যে দায়িত্ব ও কর্তব্য রয়েছে সেটা সুষ্ঠুভাবে পালন করার জন্য দায়বদ্ধ।

এগুলো আমরা কিভাবে করতে পারি! এই কথাটা অনেকের মনে বাজছে!

আমি প্রথমেই বলেছি যে ছোট ছোট কাজের মাধ্যমে এগুলো সম্ভব।

যেমন: যত বেশি সম্ভব আমরা নিয়ম মেনে চলবো।

যত বেশি সম্ভব মিথ্যার আশ্রয় নেব না।

যতটুকু সম্ভব সামর্থ্য অনুযায়ী অন্যের পাশে দাঁড়াবো এবং ভবিষ্যত প্রজন্মকেও আমাদের বাচ্চাদেরকেও সেই শিক্ষা দেব।

অন্যের ব্যথায় যাতে নিজের মন ব্যথিত হয় সেরকম একজন ব্যক্তিত্ব হওয়ার চেষ্টা করব।

যেখানে সেখানে আবর্জনা ফেলে পরিষ্কার জায়গাটাকে নোংরা করব না।

যথাসম্ভব বৃক্ষরোপণ করব এবং গাছ কাটা থেকে বিরত থাকবো।

যত সামাজিক প্রতিষ্ঠান যেমন বাসস্ট্যান্ড, রেলের প্লাটফর্ম, কোন সামাজিক খোলা জায়গা ইত্যাদি ইত্যাদি আমরা নিজেরা নোংরা করব না কারণ এগুলো আমাদেরই সম্পত্তি। তারপরেও যদি নোংরা থাকে সেটাকে স্বার্থ-রহিত হয়ে পরিষ্কার করব।

নিজেরা যতটুকু সম্ভব বিদ্যাবান হওয়ার চেষ্টা করব এবং শিক্ষিত হয়ে উঠবো।

আমাদের আশপাশে যাদের প্রয়োজন আছে তাদেরকে যথাসম্ভব সাহায্য করবো এবং আমাদের পরবর্তী প্রজন্মকেও এই বার্তা পৌঁছে দিতে চেষ্টা করব, যাতে ওরাও ভবিষ্যতের

নবনির্মাণের একজন উদ্যোক্তা হয়ে উঠে।

শেষ প্রান্তে একটা কথাই বলতে চাই যে —

আমরা যখন পরাধীন হয়ে ছিলাম এর মূলে ছিল আমাদের স্বার্থপরতা। কারণ কোন ব্যক্তির নিজের বাড়িতে অন্যের অবাধ প্রবেশাধিকার, তার বাড়ির কোন ব্যক্তির সাহায্য ছাড়া সম্ভব নয়। ঠিক তেমনি আমাদের পরতন্ত্রের মূলে রয়েছে আমাদেরই কিছু স্বার্থপর, স্বার্থলোলুপ, সমাজ ও সময়কে কলঙ্কিত করা কিছু ব্যক্তি।

ঠিক তার অপরপক্ষে স্বাধীনতার মূলে যদি কিছু রয়ে থাকে তা হয়েছে নিঃস্বার্থতা, দেশপ্রেম ও আত্মত্যাগ। কারণ যারা বলিদান হয়েছেন, বলিবেদিতে যারা নিজেকে আত্মবিসর্জন দিয়েছেন, তারা কি কোন স্বার্থের জন্য দিয়েছিলেন! ওদের স্বার্থ, ওদের উদ্দেশ্য একটাই ছিল, যেটা হচ্ছে স্বদেশ প্রেম আর স্বাধীনতা, এবং সেই উদ্যাম নিঃস্বার্থতার ফলস্বরূপ জন্ম নিয়েছিল এই স্বাধীনতা।

আজ স্বাধীনতার বয়স ৮০ বৎসর হলেও, এ 'স্বাধীনতা চিরযৌবনা' যদি আমরা ধরে রাখতে পারি। আমাদের ধরে রাখতে হবে আমাদের জন্য, আমাদের উত্তরসূরীদের জন্য। এটাই আমাদের করণীয়, কর্ম ও ধর্ম। কারন আমরা আজকে যে পথে হাঁটবো সেটাই আমাদের উত্তরসূরীর পাথেয় হয়ে দাঁড়াবে।

এই উক্তির বাস্তবায়নের জন্য রামায়ণ থেকে একটা ছোট প্রসঙ্গ তুলে ধরতে চাই, রামায়ণের রাম-রাবণের যুদ্ধের পূর্বেই রাবণ এবং উনার সবচেয়ে ছোট ভাই বিভীষণের মধ্যে ধর্ম, নীতি নিয়ে মতবিরোধ এবং মন বিরোধ হওয়ায়, রাবণ তার ভাই বিভীষণকে রাজ্য ত্যাগ করান এবং বিভীষণ রামের শরণাপন্ন হন এবং নিজ সামর্থ্য অনুযায়ী যুদ্ধে নানাভাবে সহযোগিতা করেন। যুদ্ধের শেষ প্রান্তে যখন রাবণের অনেক যোদ্ধা, পুত্র-পৌত্রাদি নিহত হয়, তারপর কুম্ভকর্ণকে সেই যুদ্ধে প্রেরণ করা হয়। সেই যুদ্ধস্থলে কুম্ভকর্ণ এবং বিভীষণের সংবাদ প্রসঙ্গ রয়েছে। আমরা জানি বিভীষণ রামের ভক্ত ছিলেন। এতোসব ক্ষয়ক্ষতি হওয়ার পর কুম্ভকর্ণ বিভীষণ কে বলেন যে তুমি যতই ধর্মাত্মা হও না কেন, যতই রামভক্ত হয়ে যাও না কেন, কিন্তু তুমি তোমার নিজের স্বদেশের প্রতি বিশ্বাসঘাতকতা করেছো, নিজের স্বজনের প্রতি বিশ্বাসঘাতকতা করেছে। তাই সম্পূর্ণ সংসার তোমাকে গৃহশত্রু হিসেবে আখ্যায়িত করবে এবং কখনও রাম ভক্তের মর্যাদা পাবে না। আজকে এত যুগ যুগের পরেও আমরা ঠিক দেখে আসছি, আমাদের ঘরের সদস্য কেউ অন্যের (শত্রু সাপেক্ষ) সাহায্য করলে ওকে বলা হয়ে থাকে যে ''তুমি ঘরের শত্রু বিভীষণ।'' আমাদের এই স্বাধীনতা প্রসঙ্গে এরকম অনেকেই রয়েছে। কিন্তু তাই আজ আমরা এবং আমাদের উত্তরসুরীরা যাতে এই সংজ্ঞার অধীন না হই সেই প্রচেষ্টা আমরা করে যাব, করে থাকবো।

পাঠকের প্রতি — উপরোক্ত কথাগুলো আমরা নিজের বিবেক এবং অন্তরমন দিয়ে দেখা শোনা ও বুঝার চেষ্টা করব এবং সেই পথে চলার জন্য অঙ্গীকারবদ্ধ হব।

বন্দে ভারতম।

নিরক্ষরতা দূরীকরণে ছাত্র সমাজের ভূমিকা

❑ **রমজানা আখতার চৌধুরী**
স্নাতক, তৃতীয় বর্ষ
সারদা চরণ দে কলেজ, কালীনগর

বিশ্বের প্রতিটি দেশের প্রতিটি সমাজের উচ্চ-নীচ সর্বস্তরের মানুষের শিক্ষা গ্রহণ করা এক মানবিক অধিকার ও জন্মগত অধিকার। এই অধিকার থেকে বর্তমান পৃথিবীতে ঈশ্বর প্রেরিত কোন শিশুকেই বঞ্চনা করা চলবে না। অশিক্ষা ও অজ্ঞতা মনুষ্য জীবনের এক নিদারুণ অভিশাপ। শিক্ষা প্রতিটি মানুষকে বিশ্বের জ্ঞান ভাণ্ডারে প্রবেশ করার ছাড়পত্র যোগায়। শিক্ষার অভাবে যারা বিশ্বের জ্ঞান ভাণ্ডারের তালা খুলতে পারে না তারা বড়ই অভাগা। লেখাপড়া না-জানা লোকদিগকে নিরক্ষর বলা হয়। নিরক্ষর লোকেরা সাধারণ শিক্ষার নিম্নতম সুবিধাটুকু হতেও বঞ্চিত হয়, তাই নিরক্ষরতা একটি সামাজিক সমস্যা। নিরক্ষরতাই দেশের স্বাভাবিক প্রগতিতে প্রধান বাধার স্বরূপ হয়ে দাঁড়ায়। এটা একটি সামাজিক অভিশাপও বটে।

নিরক্ষর লোকদের মধ্যে অন্ধবিশ্বাস, সাম্প্রদায়িকতা এবং বিভিন্ন কু-প্রথা সহজেই গভীরভাবে প্রবেশ করে থাকে। নিরক্ষর লোক গণতান্ত্রিক দেশের দায়িত্ব, অধিকার, কতর্ব্য ইত্যাদির তাৎপর্য সহজে উপলব্ধি করতে সক্ষম হয় না। সেই জন্য সমাজের সর্বস্তরের মানুষ যাতে উপযুক্ত শিক্ষা লাভ করতে পারে তার জন্য ব্যাপক প্রচেষ্টা নিতান্ত প্রয়োজন। আবার পুরুষ অপেক্ষা নারীদের মধ্যে নিরক্ষরের সংখ্যা বেশী। নিরক্ষর লোকেরা নিজের ঘরের ছেলেমেয়েদের পড়াশুনায় সাহায্য করতে পারে না। নিরক্ষর দরিদ্র ব্যক্তিদের ছেলেমেয়েদের নীচু শ্রেণীতে পড়ার সময়েই বিদ্যালয়ের পড়া বন্ধ হয়ে যায়।

ভারত সরকার সর্বভারতীয় নিরক্ষরতা দূরীকরণের জন্য বিশেষ কিছু প্রকল্প হাতে নিয়েছেন। ভারতের সংবিধানে ১৯৬০ সালের মধ্যে ১৪ বৎসর বয়স পর্যন্ত সমাজের সর্বস্তরের মানুষের ছেলে-মেয়েদের জন্য বিনামূল্যে বাধ্যতা মূলক প্রাথমিক শিক্ষা প্রকল্প গ্রহণ করেছেন। বর্তমানে ভারত সরকার সাক্ষরতার হার বৃদ্ধি করার জন্য সর্বশিক্ষা অভিযান মিশন নামে একটি ব্যবস্থা গ্রহণ করেছেন।

ভারতবর্ষ একটি বৈচিত্র্যময় দেশ। এখানে বৈষম্য রয়েছে যথেষ্ট। দেশের আপৎকালীন পরিস্থিতিতে দেশের প্রাণোচ্ছল ত্যাগব্রতী ছাত্র সম্প্রদায় যুগে যুগে নানা সমাজ কল্যাণ মূলক কাজে অংশগ্রহণ করে এসেছে। দেশের তরুণ ছাত্র সমাজ তাদের নিষ্ঠা ও ঐকান্তিকতা নিয়ে আত্মনিয়োগের মাধ্যমে নিরক্ষর দেশবাসীকে অজ্ঞতার অন্ধকার থেকে আলোকের রাজ্যে মুক্তি

দানে ব্রতী হতে পারে। ছাত্র-ছাত্রীরা যদি প্রত্যেকে প্রতি বৎসর অন্তর দুই-তিনজন নারী পুরুষকে সাক্ষর করে তুলতে পারে তা হলে সমাজের অশেষ কল্যাণ হবে। নিরক্ষরতা দূরীকরণে বিশেষ করে বয়স্কদের শিক্ষাদানই বিশেষ কার্যক্রম। দরিদ্র পিতা-মাতা শিক্ষিত হলেই তাদের সন্তানদের উপর বিশেষ প্রভাব পড়বে। স্কুল ছাড়া 'ড্রপ আউট' ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের আত্মনিয়োগ করতে হবে।

-

''শিক্ষাই হলো পৃথিবীকে পরিবর্তন করাব
সবচেয়ে শক্তিশালী অস্ত্র'।''

—— নেলসন ম্যান্ডেলা



ডিজিটাল যুগে দায়িত্বশীল নাগরিকত্ব ও সচেতনতার প্রয়োজন

❑ **মাসহুদা বেগম বড়ভূইয়া**
কলা বিভাগ, ৫ম বর্ষ
সারদা চরণ দে কলেজ, কালীনগর

বর্তমান বিশ্ব তথ্য ও প্রযুক্তিনির্ভর। ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং বিভিন্ন ডিজিটাল প্লাটর্ফম আমাদের জীবনযাত্রাকে যেমন সহজ করেছে, তেমনই তৈরী করেছে নতুন কিছু দায়িত্ব ও চ্যালেঞ্জ । এখন একটি তথ্য মুহূর্তের মধ্যেই পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পৌঁছে যায়। তাই ডিজিটাল যুগে শুধু প্রযুক্তি ব্যবহার করলেই হবে না; এর সঠিক, সচেতন ও দায়িত্বশীল ব্যবহার ও শিখতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যম আজ মত প্রকাশ, জ্ঞান অর্জন, যোগাযোগ ও জনসচেতনতা তৈরীর গুরুত্বপূর্ণ মাধ্যম। একটি ইতিবাচক পোস্ট যেমন- মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে পারে, তেমনি যাচাই না করে কোনো তথ্য শেয়ার করলে বিভ্রান্তি ও ভুল ধারণা ছড়িয়ে পড়তে পারে। বিশেষ করে ভুয়া খবর, গুজব ও বিভ্রান্তিকর তথ্য সমাজে অস্থিরতা সৃষ্টি করতে পারে। তাই কোনো সংবাদ বা তথ্য বিশ্বাস ও প্রচার করার আগে তার সত্যতা যাচাই করা প্রত্যেক নাগরিকের দায়িত্ব। ডিজিটাল যুগে আমাদের আচরণ ও বাস্তব জীবনের আচরণের মতোই গুরুত্বপূর্ণ। কারও প্রতি অসম্মানজনক মন্তব্য, - অপমানজনক পোস্ট বা যাচাইহীন অভিযোগ শুধু একজন ব্যক্তিকে নয়, পুরো সমাজের পরিবেশকে ক্ষতিগ্রস্থ করতে পারে। তাই মতের পার্থক্য অন্যের মতামতের প্রতি সম্মান দেখানো এবং যুক্তি ও ভদ্রতার সঙ্গে নিজের বক্তব্য প্রকাশ করা প্রয়োজন।

বিশেষ করে তরুন সমাজের ভূমিকা এখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তরুনরাই প্রযুক্তির সবচেয়ে সক্রিয় ব্যবহারকারী এবং ভবিষ্যৎ সমাজের নির্মাতা। তারা যদি সামাজিক যোগাযোগ মাধ্যমকে জ্ঞান, শিক্ষা সংস্কৃতি, মানবিকতা ও ইতিবাচক পরিবর্তনের কাজে ব্যবহার করে, তাহলে ডিজিটাল মাধ্যম সমাজ গঠনের শক্তিশালী হাতিয়ার হয়ে উঠতে পারে। তবে ডিজিটাল মাধ্যম সমাজ গঠনের শক্তিশালী হাতিয়ার হয়ে উঠতে পারে।

তবে ডিজিটাল স্বাধীনতার সঙ্গে দায়িত্বও জড়িত কোনো কিছু শুধু বেশি লাইক, শেয়ার বা কমেন্ট পাওয়ার জন্য প্রচার না করে আমাদের ভাবতে হবে - এটি সত্যি কি না, এটি কারও ক্ষতি করবে কি না এবং সমাজের জন্য এর প্রভাব কী হতে পারে। তথ্যের যুগে তাই সবচেয়ে প্রয়োজনীয় দক্ষতা গুলোর একটি হলো তথ্য যাচাই ও বিচার করার ক্ষমতা।

প্রযুক্তি আমাদের হাতে শক্তি দিয়েছে, সেই শক্তিকে কীভাবে ব্যবহার করব, সেটিই আমাদের পরিচয় নির্ধারণ করবে। সচেতন নাগরিক দায়িত্বশীল তরুণ এবং মানবিক সমাজ গড়ে তুলতে হলে ডিজিটাল জগতেও আমাদের সততা, সহনশীলতা, যুক্তিবোধ ও দায়িত্বশীলতার চর্চা করতে হবে।

ডিজিটাল যুগের প্রকৃত অগ্রগতি শুধু প্রযুক্তির উন্নতিতে নয় বরং প্রযুক্তিকে মানবকল্যাণে সঠিকভাবে ব্যবহারের মধ্যেই।

''গোপনীয়তা কোনো বিলাসিতা নয়;
ইন্টারনেট ব্যবহারের বিনিময়ে এর মূল্য দেওয়া উচিত নয়।''

—— গ্যারি কোভাকস



ছাত্রের অধিকার

❑ **আলোক দেবনাথ**
স্নাতক তৃতীয় বর্ষ
সারদা চরণ দে কলেজ, কালীনগর, হাইলাকান্দি

ছাত্র তুমি অতি কোমল পুষ্প, চরাচরব্যাপ্ত সুবাস।
ছাত্র তুমি অতি অবোধ, সব বাঁধেই (ভাণ্ডারে) তোমার আশ ।।
ছাত্র তুমি বহমান জাহ্নবী, সর্বত্র প্লাবনী গঙ্গা।
ছাত্র তুমি বনফুল, চোখ ধাঁধানো বেণু সপ্তরঙ্গা।।
ছাত্র তুমি বেগবান পবন, সর্বত্র আচ্ছাদিত।
ছাত্র তুমি সেই দন্ড, যার দ্বারা সংসার শাসিত ।।
ছাত্র তুমি ''অ-ক্ষর ব্রহ্ম'' অমর, অমিট ''ওঁ'' কার নাঁদ।
ছাত্র তুমি স্বর্ণমৃগ, ভয়ংকর অরণ্য মাঝে ঘুড়িছ নির্বাধ ।।
ছাত্র তুমি শক্তির উৎস, জেগে ওঠো তেজস্বী-তেজোময়।
ছাত্র তুমি বিশ্ব চরাচর, অবিলম্বে এখনই তা করো জয়।।
ছাত্র তুমি গড়বে ইতিহাস, জয় করবে বর্তমান, লিখবে ভবিষ্যৎ।
ছাত্র তুমি স্বর্ণপদী, তোমার পদ ছাপে ভাবি (ভবিষ্যৎ) দেখবে তার পথ।।
ছাত্র তুমি হও ধৈর্যশালী, শক্তিশালী, হও বিদ্যাধারী।
ছাত্র তুমি নিজেকে গড়ে তুলো ভাবির (ভবিষ্যতের) অধিকারী।।
ছাত্র তুমি আজ, এই ক্ষণে করো এই দৃঢ় অঙ্গীকার।
ছাত্র তুমি কাল এই চরাচর সংসারে করবে জ্ঞানের প্রাণের আলোক বর্তিকা দান।

ছাত্রজীবন শুধু অধিকার ভোগের সময় নয়; এটা কর্তব্য,
শৃঙ্খলা ও চরিত্র গঠনের সময়।

—— স্বামী বিবেকানন্দ।

কলম

❑ মাসহুদা বেগম বড়ভুইয়া
৫ম বর্ষ, কলা বিভাগ

যুগ যুগান্তের ইতিহাস খানা লিপিবদ্ধ করি আমি,
কত কষ্ট দুঃখ যাতনা লিখি অন্তর্যামী।
আবেগ আকুল কথামালা আর অবলার কথা লিখি
আমায় দিয়ে কৃতিসন্তান উচ্চাসনে আজ দেখি।
কত রাজার রাজ রাজত্ব উচ্চ সিংহাসন,
চাকুরী নক্রি অফিস আদালত সকলি আমার কারণ।
কত নেতার নেতাগিরি গেল আমায় দিয়ে আজ,
কত দর্প চূর্ণ করা নিত্য নৈমিত্ত কাজ।
আমার উগারানো কালির রেখা ভুবন মাঝে ত্রাস,
আমার লিখায় উত্তোলিত কত আর কতক সবর্নাশ।
ছাত্র শিক্ষক সকলের কাছে আমার সমাদর,
আমায় দিয়ে সকলের বড়াই, তাইতো আমার এত আদর
অন্যায়ের প্রতিবাদে ব্যবহৃত আমি সকলের তরে যাই,
আমার কাছে পরাভূত সব, লোকের পকেটে বেড়াই।
আত্ম গরিমা ভেঙেছি ঘাড় অন্যায় অবিচারের।
নিরবে আমি গড়িয়ে তুলেছি নবজাগরণ, গণজাগরণ,
স্বাধীনতার অমৃত সুধায় মিটিয়ে দিয়েছি জ্বালাতন।
আমার মুখ নিঃসৃত কালীর আঁকাবাঁকা লিখনে,
ধনভান্ডার টাকা কড়ি সব সংরক্ষণে আর সযতনে।
সত্যের পথে লেখকের লেখনীতে ব্যবহৃত হই আমি,
এভাবে আমার কালির মূল্য শহীদের রক্তের চেয়ে দামী।
যুগ যুগ ধরে আছি আমি থাকিব অনন্তকাল,
আমায় বিহীন বিপত্তি সব ঘটিবে অনেক জঞ্জাল
যতই থাকুক কম্পিউটার ল্যাপটপ তবুও আমায় চাই,
নামটি আমার কলম ভবে আমার তুলনা নাই।
পাখির পালকে ছিলাম আগে, পরে ফাউন্টেনে,
ডট কলমে আছি এখনই মানুষের হৃদয় গহীনে।
কলম কলম নামটি কলম পূণ্য অতি নাম,
আমায় যে জন ভালোবাসবে তার পুরবে মনস্কাম।।

'কলমের শক্তি মানুষের চিন্তা ও সমাজের পরিবর্তনের শক্তি।' —- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

একজন শিক্ষকের বিশ্বাস

❑ সুপা নাথ
৫ম বর্ষ, কলা বিভাগ
সারদা চরণ দে কলেজ, কালীনগর



হাত ধরে যিনি পথ দেখান,
অন্ধকারে দেন আলো,
ভুলের মাঝে বুঝিয়ে দেন —
কীভাবে হতে হয় ভালো।
‘‘তুমি পারবে’’ — এই কথাটুকু
কত বড় যে শক্তি,
একজন শিক্ষক বিশ্বাস রাখলে
বদলে যায় জীবনের গতি।
নম্বর দিয়ে মাপেন না তিনি
ছাত্রের আসল পরিচয়,
মানুষ হয়ে বাঁচতে শেখান,
সেটাই তাঁর বড় জয়।
আজ যদি আমরা দূরে যাই,
পথ যদি হয় অচেনা,
শিক্ষকের সেই বিশ্বাসটুকু
হবে আমাদের ঠিকানা।
সময় যাবে দিন বদলাবে,
বদলাবে জীবনের পথ,
তবু তাঁর শেখানো কথাগুলো
দেবে সাহস প্রতিক্ষণ।
কখনো শাসন, কখনো স্নেহ,
কখনো সাহসের বাণী।
তাঁদের দেওয়া শিক্ষা নিয়ে
আলোকিত হোক জীবন।
বিদায় যদি আসে ও শেষে,
থাকুক ভালোবাসা
আপনাদের প্রতি রইল শ্রদ্ধা,
রইল অফুরন্ত ভালোবাসা -
আপনারাই আমাদের পথের আলো,
আপনারাই জীবনের আশা।



সময়ের অবিরাম গতি

❑ বিপ্লজিৎ সিংহ
বি.এ. (১ম বর্ষ)
সারদা চরণ দে কলেজ, কালীনগর

সময় তো কেবলই বয়ে চলে যায়,
আপন খেয়ালে আর আপন গতিতে
কারো সাধ্য নেই তারে বেঁধে রাখে,
ধরে রাখে, এই পৃথিবীর মাটিতে।

যদি কোনদিন এই অবাধ্য সময়,
থমকে দাঁড়াতো কারো মায়াবী ডাকে;
তবে কি চলত এই জগতের চাকা ?
সব কিছু থমকে যেতো এক পাশে ।

কেউ তো পারে না তাকে ধরে রাখতে,
সে যে এক অন্তহীন চঞ্চলনদী;
সব কিছু ফেলে চলে যায় দূরে,
নিমেষেই কেটে যায় যুগ-অবধি।



হারানো সময় আর ফিরে আসে না।

—— বেঞ্জামিন ফ্রাঙ্কলিন।

লক্ষ্য

❑ মুন্না ভট্টাচার্য
বি.এ. (৩য় বর্ষ)
সারদা চরণ দে কলেজ, কালীনগর



লক্ষ্য যদি আকাশ ছোঁয়ার,
ভয় কি তবে লোক লজ্জার।
সাহস ভরা স্বপ্ন উড়ান,
আকাশপথে বেশ ভাসমান।
ইচ্ছাটাকে বানিয়ে ঘুড়ি,
হাওয়ার সাথে খেলা করি।
কথার ঝুড়ি গুদাম ঘরে,
সরিয়ে রাখি ময়লা ভরে।
সমালোচনায় মিষ্টি হাসি,
জেদের পাহাড় অটুট রাখি।
ঐ আকাশে একবার পৌঁছে গেলে,
সব অভিমান তখনি ঠিক যাবে চলে।

''ভবিষ্যৎ তাদেরই, যারা নিজেদের স্বপ্নের
সৌন্দর্যে বিশ্বাস করে''

—— এলোর রুজভেল্ট

আমার মা

❑ মুন্না ভট্টাচার্য
বি.এ. (৩য় বর্ষ)
সারদা চরণ দে কলেজ, কালীনগর

পৃথিবীতে মায়ের মতো
আপন কেউ নাই,
স্নেহ, আদর, ভালোবাসা
অফুরন্ত পাই।

নিজে থাকে অনাহারে
বলে খোকা খা,
পূরণ করতে চেষ্টা করেন
বায়না করি যা।



দুঃখ কষ্ট বুকে চেপে
রাখেন হাসি মুখ,
মুখটা দেখে বোঝেন মাতা
আমার মনের দুখ।

আমায় সুখী দেখতে সদা
থাকে মায়ের মন,
মায়ের মতো এতো আপন
হয় না কোনো জন।

মায়ের কোলে মাথা রেখে
ভীষণ শান্তি পাই।
জন্ম নিয়ে বারে বারে
আমার মাকে চাই।।

''ঈশ্বর সর্বত্র থাকতে পারেন নি,
তাই তিনি মা সৃষ্টি করেছেনে।''

—— রুডইয়ার্ড কিপলি

মাতৃভাষা

❑ পানসী রায়
বি.এ. (৫ম বর্ষ)
সারদা চরণ দে কলেজ, কালীনগর

মায়ের মুখে প্রথম হাসি, প্রথম ডাকা নাম।
মাতৃভাষার সুরে জাগে হৃদয়ে অবিরাম।
এই ভাষাতেই কাঁদি আমি, এই ভাষাতেই হাসি,
স্বপ্নগুলো রঙিন হয়ে ভাসে ভালোবাসি।

ঝড়ের দিনে শক্তি দেয়, আঁধারে জ্বলে আলো,
এই ভাষাতেই জীবন আমার হয়ে ওঠে ভালো।

অক্ষরগুলো ফুলের মতো সুবাস ছড়ায় প্রাণে,
মাতৃভাষার গৌরব লেখা রক্তেই টানে।
হাজার ভাষার ভিড়ের মাঝে একটাই আপন আশা,
মাথা উঁচু করে বলি আমি, বাংলা আমার মাতৃভাষা।

''মাতৃভাষার উন্নতি ও প্রসার শিক্ষার ভিত্তিকে সুদৃঢ় করে।''

— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর



স্বাধীনতা

